

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩১০

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-জুমু'আ

بَابُّ: وَمِنْ سُورَةِ الْجُمُعَةِ

## আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنِ حُجْرٍ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنِي ثَوْرُ بْنُ زَيْدِ الدِّيلِيُّ، عَنْ أَبِي الْغَيْث، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ كُنَّا عِنْدَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم حِينَ أُنْزِلَتْ سُورَةُ الْجُمُعَةِ فَتَلاَهَا فَلَمَّا بَلَغَ: ( وآخَرِينَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوا بِهِمْ ) قَالَ لَهُ رَجُلُّ يَا رَسُولَ اللَّهِ مَنْ هَوُّلاءِ الَّذِينَ لَمْ يَلْحَقُوا بِنَا فَلَمْ يُكَلِّمْهُ قَالَ وَسَلْمَانُ الْفَارِسِيُّ فِينَا قَالَ فَوَضَعَ رَسُولُ اللَّهِ مَنْ هَوُّلاءِ الَّذِينَ لَمْ يَلْحَقُوا بِنَا فَلَمْ يُكَلِّمْهُ قَالَ وَسَلْمَانُ الْفَارِسِيُّ فِينَا قَالَ فَوَضَعَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم يَدَهُ عَلَى سَلْمَانَ فَقَالَ " وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَوْ كَانَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم يَدَهُ عَلَى سَلْمَانَ فَقَالَ " وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَوْ كَانَ الْإِيمَانُ بِالثُّرِيَّ لَتَنَاوَلَهُ رِجَالٌ مِنْ هَوُّلاَءِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَقَدْ رُويَ الْإِيمَانُ بِالثُّرِيَّ لَتَنَاوَلَهُ رِجَالٌ مِنْ هَوُّلاَءِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَجْهٍ . وَعَبْدُ اللَّهِ هَذَا الْحَدِيثُ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِي صلى الله عليه وسلم مِنْ غَيْرِ وَجْهٍ . وَعَبْدُ اللَّهِ بُنُ لَكُ مَعْنِ هُو وَالِدُ عَلِيّ بْنِ الْمَدِينِيِّ ضَعَقَهُ يَحْيَى بْنُ مُعِينٍ .

## বাংলা

৩৩১০. আলী ইবনে হজর (রহঃ) ..... আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেনঃ যখন সূরা জুম'আ নাযিল হয় তখন আমরা রাসুলুল্লাহ এর কাছে ছিলাম। তিনি আমাদের তা তেলাওয়াত করে শুনালেন। (وَآخَرِينَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوا بِهِمْ) এবং তাদের অন্যান্যদের জন্যও (তিনি এই রাসূলকে পাঠিয়েছেন) যারা এখন তাদের সঙ্গে মিলিত হয় নাই। (সূরা জুম'আ ৬২ঃ ৩) আয়াতটিতে পৌছলে জনৈক ব্যক্তি বলল, ইয়া রাসূলাল্লাহ! এরা কারা যারা এখনও আমাদের সঙ্গে মিলিত হয় নি?

তিনি এ ব্যাপারে কিছু বললেন না। রাবী বলেনঃ আমাদেও মাঝে সে সময় সালমান ফারসী রাদিয়াল্লাহু আনহুও ছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার উপর তার হাত রাখলেন এবং বললেন সে সত্তার কসম যার হাতে আমার প্রাণ ঈমান যদি সূরাইয়া নক্ষত্রেও চলে যায়, তাদের কিছু লোক সেখান থেকেও তা নিয়ে আসবে।

সহীহ, সহীহ হাদিস সিরিজ ১০১৭, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩১০ [আল মাদানী প্রকাশনী]



আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এটি বর্ণিত আছে। রাবী আবুল গায়স (রহঃ) এর নাম হল সালিম। তিনি আবদুল্লাহ ইবন মুতী এর আযাদকৃত গোলাম। ছওর ইবন যায়দ (রহঃ) হলেন মাদানী। ছওর ইবন ইয়াযীদ (রহঃ) হলেন শামদেশীয়। হাদীসটি গারীব। আবদুল্লাহ ইবন জাফ'র (রহঃ) হলেন আলী ইবন মাদীনী (রহঃ) এর পিতা। ইয়াহইয়া ইবন মাঈন তাকে যঈফ বলেছেন।

## **English**

Abu Hurairah said:

"We were with the Messenger of Allah when Surat Al-Jumuah was revealed, so he recited it until he reached: And other among them who have not yet joined them, A man said to him: 'O Messenger of Allah! Who are these people who have not yet joined us?' But he did not say anything to him." He said: "Salman [Al-Farsi] was among us." He said: "So the Messenger of Allah placed his hand upon Salman and said: 'By the One in whose Hand is my soul! If faith were on Pleiades then men among these people would reach it."'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন